**বাংলাদেশ সুপ্রীম কোর্ট**
**হাইকোর্ট বিভাগ, ঢাকা।**
(নিয়োগ শাখা)

স্মারক নং- ১জে-৫৯/০২ (অংশ-৪)-২৬৬১ তারিখঃ ০৭/০৪/২০১৬ খ্রি.।

**বিষয়ঃ- শিশু আইন, ২০১৩ এর উপর অভিজ্ঞতা বিনিময় সভায় সার্বক্ষনিক বিচার কাজে নিয়োজিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণের মনোনয়ন বাতিলকরণ প্রসংগে।**

সূত্র ঃ ২৫৭-বিচার-৩/২টি-১/২০০১(অংশ), তারিখঃ ০৬/০৪/২০১৬ খ্রি., আইন ও বিচার বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে নির্দেশিত হয়ে জানানো যাচ্ছে যে, সূত্রোস্থ স্মারকমূলে ঢাকার বিভিন্ন আদালতে সার্বক্ষণিক বিচারকাজে নিয়োজিত ১২ জন বিচার বিভাগীয় কর্মকর্তাসহ মোট ১৪ (চৌদ্দ) জন বিচার বিভাগীয় কর্মকর্তাকে লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ কর্তৃক বাস্তবায়নাধীন পলিসি এডভোকেসী এন্ড লেজিসলেটিভ রিফর্ম ফর চিলড্রেন প্রজেক্ট ও ইউনিসেফ এর যৌথ উদ্যোগে আগামী ৯ এপ্রিল, ২০১৬ খ্রি. তারিখ রোজ শনিবার মেহেরবা প্লাজা, ৩৩ তোপখানা রোড, কক্ষ নং- K (চতুর্থ তলা), ঢাকায় শিশু আইন, ২০১৩ এর উপর অভিজ্ঞতা বিনিময় সভায় সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণ ব্যতিরেকে মনোনয়ন প্রদানক্রমে সংশ্লিষ্ট কর্মকর্তাগণ-কে যথাসময়ে উক্ত সভায় অংশগ্রহণের অনুরোধ করা হয়েছে।

০২। এমতাবস্থায়, সুপ্রীম কোর্টের পরামর্শ গ্রহণ ব্যতিরেকে সার্বক্ষনিক বিচারকাজে নিয়োজিত বিচার বিভাগীয় কর্মকর্তাগণ-কে কোনো মতবিনিময় সভা, সেমিনার বা অন্য কোনো প্রশাসনিক অনুষ্ঠানে কোনো কর্তৃপক্ষ কর্তৃক মনোনয়ন প্রদান বা মনোনীত কর্মকর্তাগণের অনুরূপ অনুষ্ঠানে অংশ গ্রহণের সুযোগ নেই। বাংলাদেশ সুপ্রীম কোর্ট এ বিষয়ে গভীর অসন্তুষ্টি প্রকাশসহ অবিলম্বে সূত্রোস্থ স্মারকে সার্বক্ষনিক বিচারকাজে নিয়োজিত বিচার বিভাগীয় কর্মকর্তাদের প্রদত্ত মনোনয়ন বাতিল করাসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক কোন্ কর্তৃত্ববলে অনুরূপ আদেশ জারী করা হয়েছে সে বিষয়ে লিখিত ব্যাখ্যা অত্র কোর্টে প্রেরণ করার জন্য বাংলাদেশের মাননীয় প্রধান বিচারপতি মহোদয়ের নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

Aktaruzzaman
07.04.16


(মোহাম্মদ আক্তারুজ্জামান ভূঁইয়া)
সহকারী রেজিস্ট্রার (বিচার)
ফোনঃ ৯৫৬১৯৩২
E-mail: aktar_ar@supremecourt.gov.bd


সচিব
আইন ও বিচার বিভাগ
আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়।

স্মারক নং- ১জে-৫৯/০২ (অংশ-৪)- তারিখঃ ০৭/০৪/২০১৬ খ্রি.।

**অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)ঃ-**

১। সচিব, লেজিসলেটিভ ও সংসদ বিষয়ক বিভাগ, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। জেলা জজ/মহানগর দায়রা জজ, ঢাকা।
৩। বিচারক, নারী ও শিশু নির্যাতন দমন ট্রাইব্যুনাল-১/২/৩/৪, ঢাকা।
৪। চীফ মেট্রোপলিটন ম্যাজিস্ট্রেট/চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট, ঢাকা।
৫। প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়, সিএজি ভবন, ৫ম তলা, সেগুনবাগিচা, ঢাকা।